4610

① - 4555

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000

पाँच हजार रुपये

Rs.5000

FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

F 006540 F 006540

14:33
22/08/19

Certified that the Endorsement Sheet's and the Signature Sheet's attached to this documents are part of the Document.

Additional District Sub-Registrar
Raniganj, Paschim Bardhaman

22 AUG 2019

Query No. 0204-0001219572/ 2019

GRN No. 19-201920-005564112-2

**শুভ দানপত্র দলিল ::** মৌজা - রাণীগঞ্জ মিউনিসিপ্যালিটি, থানা - রাণীগঞ্জ, পরিমান ১৭ ছটাক তলিভূমি মায় তদস্থিত একতল বিশিষ্ট কমার্শিয়াল ও সেমি-কমার্শিয়াল গৃহাদি, নির্ধারিত বাজার মূল্য : ২৯,৭৫,২৯৪.০০ টাকা।

ক্রমশ......২

দখলে দখলকারিনী হইয়া এযাবৎকাল উহাতে শান্তিপূর্ণভাবে ভোগদখল করিয়া আসিতেছি।

ক্রমশ......৩

দানপত্র গ্রহিতাগন ::-

(১) শ্রী সমর মাজি, (প্যান:BBBPM6049J), (২) শ্রী জীতেন্দ্রনাথ মাজি, (প্যানঃ AECPM7192R), (৩) শ্রী রবীন্দ্রনাথ মাজি, (প্যানঃ AEWPM5419H), (৪) শ্রী বিষ্ণুপদ মাজি, (প্যানঃ ADZPM8436G), সকলের পিতা স্বর্গীয় বাসুদেব মাজি, সকলের জাতি হিন্দু, নাগরিকত্ব ভারতীয়, পেশা ব্যবসাদি, (১), (২) ও (৪) নংগ্রহিতার সাকিম ২০, এন.এস.বি. রোড, রাণীগঞ্জ, পোষ্ট ও থানা- রাণীগঞ্জ, এ. ডি. এস. আর. অফিস রাণীগঞ্জ, চৌকী আসানসোল, জেলা পশ্চিম বর্ধমান, পিন কোড-৭১৩৩৪৭, এবং (৩) নংগ্রহিতার সাকিম তিলক রোড, রাণীগঞ্জ, পোষ্ট ও থানা- রাণীগঞ্জ, এ. ডি. এস. আর. অফিস রাণীগঞ্জ, চৌকী আসানসোল, জেলা পশ্চিম বর্ধমান, পিন কোড-৭১৩৩৪৭।

দানপত্র দাত্রীগন ::-

(১) শ্রীমতি সরস্বতী মাজি, (প্যানঃ BEOPM9423A), (২) শ্রীমতি মনিকা মাজি, (প্যানঃ AIJPM4069Q), উভয়ের পিতা স্বর্গীয় বাসুদেব মাজি, উভয়ের জাতি হিন্দু, নাগরিকত্ব ভারতীয়, পেশা গৃহস্থালী, (১) নং দাত্রীর সাকিম রাধানগর, পোষ্ট- বার্ণপুর, থানা- হীরাপুর, এ. ডি. এস. আর. অফিস চৌকী আসানসোল, জেলা পশ্চিম বর্ধমান, পিন কোড-৭১৩৩২৫ এবং (২) নং দাত্রীর সাকিম রাণীগঞ্জ, পোষ্ট ও থানা- রাণীগঞ্জ, এ. ডি. এস. আর. অফিস রাণীগঞ্জ, চৌকী আসানসোল, জেলা পশ্চিম বর্ধমান, পিন কোড-৭১৩৩৪৭।

**কস্য শুভ দানপত্র মিদং কার্য্যঞ্চাগে :::** জেলা পশ্চিম বর্ধমান, চৌকি আসানসোল, থানা ও এ.ডি.এস.আর. অফিস রাণীগঞ্জ, সামিল ২৪ নং জে. এল. ভূক্ত, মৌজা রাণীগঞ্জ মিউনিসিপ্যালিটি মধ্যে নিম্নের তপশীলে বর্ণিত সম্পত্তি দানপত্র দাত্রীগন আমাদের ও দানপত্র গ্রহিতাগনের পিতা বাসুদেব মাজি (পিতা স্বর্গীয় রামপদ মাজি) এর নিজ স্বত্বীয় দখলী নিজ নামিত রেকর্ডভূক্ত সম্পত্তি থাকাকালে তিনি চার পুত্র যথা দানপত্র গ্রহিতাগনকে পুত্র স্বরূপে এবং তিন কন্যা যথা দানপত্র দাত্রীগন আমাদিগকে এবং আমাদের সহোদরা ভগিনী শ্রীমতি নারায়নী মন্ডল-কে কন্যা স্বরূপে প্রবল ওয়ারিশান রাখিয়া পরলোকগমন করিলে দানপত্র দাত্রীদ্বয় আমরা আমাদের সহোদরা ভগিনী শ্রীমতি নারায়নী মন্ডল এবং দানপত্রগ্রহিতাগনের সহিত যৌথভাবে তাঁহার ত্যক্ত সম্পত্তি পৈতৃক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া তাহাতে আপন আপন অংশে অদ্যাবধি আমরা কাহারও বিনাপত্যে সর্ব্বসাধারনের জ্ঞাতসারে নিঃব্যুঢ় স্বত্বে স্বত্ববতী, মালকিন ও খাস দখলে দখলকারিনী হইয়া এযাবৎকাল উহাতে শান্তিপূর্ণভাবে ভোগদখল করিয়া আসিতেছি।

ক্রমশ......৩

Sanjay Maji
Ashimendra Nath Maji
Rabindra Nath Maji
Bishnupada Maji
Saraswati Maji
Monika Maji



দানপত্র গ্রহিতাগন তোমরা দানপত্র দাত্রীদ্বয় আমাদের স্বাভাবিক, বৈধ ও আপন সহোদর ভ্রাতাগন হইতেছ এবং অতিশয় স্নেহ, ভালোবাসা ও আদরের পাত্র হইতেছ এবং আমাদের মধ্যে মধুর সম্পর্ক আছে। আমরা নিম্নের তপশীলোক্ত সম্পত্তি মধ্যে আমাদের নিজাংশ স্নেহ ও ভালোবাসা বশতঃ তোমাদিগকে দান করিতে চাহিলে তোমরা এই স্নেহের দান সানন্দে গ্রহন করিতে ইচ্ছুক থাকায় আমরা নিম্নের তপশীলে বর্নিত সম্পত্তি তোমাদিগকে দান করিলাম ও তাহার খাস দখল স্বত্ব ছাড়িয়া দিলাম। অদ্য হইতে তোমরা নিম্নের তপশীলে বর্নিত সম্পত্তিতে সম্পুর্নরূপে মালিক, স্বত্ববান ও দখলীকার হইয়া ভোগদখল করিতে থাকিবে। অদ্য হইতে আমাদের নামে যাহা কিছু স্বত্ব স্বামীত্ব অধিকার আদি জন্মিয়াছিল তৎসমুদায় তোমাদের নামে অর্শিল ও বর্ত্তিল। আমাদের যাহা কিছু স্বত্ব স্বামীত্ব হক হকীকত দখল অধিকার আদি ছিল তৎসমুদয় অদ্য হইতে ধ্বংশ ও লোপ হইয়া তোমাদের উপর বর্ত্তাইল। তোমরা অদ্য হইতে দানকৃত সম্পত্তিতে ষোল আনা অংশের স্বত্ববান মালিক ও দখলীকার হইয়া দান বিক্রয়াদি সর্ব্বপ্রকারের হস্তান্তর ও রূপান্তর করনাদির ক্ষমতাযুক্তে পূর্ণ মালিক স্বরূপে নিজ নিজ নিঃব্যূঢ় স্বত্ব পরিচালনে ও নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি মধ্যে কর্মাশিয়াল গৃহাদিতে ব্যবসাদি পরিচালনা করতঃ এবং সেমি-কমার্শিয়াল গৃহাদি গোডাউন স্বরূপে ব্যবহার করতঃ এবং ফাঁকা জায়গায় কাঁচা পাকা গৃহাদি নির্ম্মান করিয়া তাহাতে বসবাস করতঃ বা ভাড়া বিলি বন্দোবস্ত আদির দ্বারা পুত্র পৌত্রাদি মায় ওয়ারিশানগনক্রমে অন্যের বিনাপত্যে পরম সুখে ভোগদখল অধিকার আদি করিতে থাকো তাহাতে আমাদের মায় ওয়ারিশানগনের বা স্থলাভিষিক্তগনক্রমে কেহ কখনও কোন প্রকারের ওজর আপত্তি করিতে পারিবে না করিলেও তাহা সর্ব্বস্থানে বাতিল ও নামঞ্জুর বলিয়া গন্য হইবে।

এই দানকৃত সম্পত্তি তোমরা সরকার বাহাদুরের সেরেস্তায় ও বিভিন্ন সরকারী বা মিউনিসিপ্যাল কর্পোরেশন অফিসে নিজ নিজ নামে নাম পত্তন করাইতে পারিবে ও তর্জ্জন্য রসিদ লইতে পারিবে। ইহাতে আমাদের সম্মতি রহিল। ভবিষ্যতে এই দানকৃত সম্পত্তির জন্য আরও কোনো রুজু মোকাবিলা আদি দিতে হয় তাহা দিব ও দিতে বাধ্য থাকিলাম। ইহা ছাড়া যদি কোন দলিল দস্তাবেজ আদি সহি সম্পাদনের প্রয়োজন হয়, তাহা আমরা স্ব-স্ব-খরচে ও নিজ নিজ উদ্যোগে সম্পূর্ন করিয়া দিব। এই দানকৃত সম্পত্তির সম্পুর্ন খাসদখল ছাড়িয়া দিলাম।

দানকৃত সম্পত্তির ষ্টাম্প নির্ণয়ের জন্য নির্ধারিত বাজার মূল্য **২৯,৭৫,২৯৪.০০ (উনত্রিশ লক্ষ পঁচাত্তর হাজার দুই শত চুরানব্বই) টাকা** ধার্য্য হইল।

দানপত্র গ্রহিতাগন আমরা দানপত্র দাত্রীদ্বয় তোমাদের নিজ আপন সহোদর ভ্রাতাগন হইতেছি। তোমরা স্নেহবশতঃ নিম্নের তপশীলোক্ত সম্পত্তি আমাদিগকে দান করিতে চাহিলে আমরা এই স্নেহের দান সানন্দে গ্রহন করিলাম ও তাহার খাস দখল গ্রহন করতঃ অত্র দলিলের পক্ষভুক্ত হইয়া দলিলে সহি সম্পাদন করিলাম।

এতদর্থে দানপত্র দাত্রীদ্বয় আমরা সুস্থ শরীরে সরল মনে স্ব-স্ব-ইচ্ছায় ও অন্যের বিনানুরোধে তোমাদের নাম বরাবর অত্র দানপত্র দলিল সম্পাদন করিয়া দিলাম। **ইতি সন ১৪২৬, সাল- বাংলা ২৮শে শ্রাবণ, ইংরাজী ১৪/০৮/২০১৯।**

Bunkleyee (Adv)

ক্রমশ......৪

-ঃ তপশীল ঃ-

জেলা পশ্চিম বর্ধমান, চৌকি আসানসোল, থানা ও এ.ডি.এস.আর. অফিস রাণীগঞ্জ, সামিল ২৪ নং জে. এল. ভুক্ত, মৌজা রাণীগঞ্জ মিউনিসিপ্যালিটি মধ্যে এল. আর. খতিয়ান নং- ১০২৬৯ (দশ হাজার দুই শত উনসত্তর)। জমিদার পশ্চিমবঙ্গ সরকার পক্ষে বি. এল. এ্যান্ড এল. আর. ও. রাণীগঞ্জ, পোষ্ট- রাণীগঞ্জ, জেলা পশ্চিম বর্ধমান।

১। আর. এস. দাগ নং- ১৮৬২ (আঠার শত বাষট্টি), এল. আর. দাগ নং- ২৮১৫ (আঠাশ শত পনের), শ্রেণী বাস্তু, মোট পরিমান ৬১ ছটাক মধ্যে আমাদের নিজ অবিভক্ত ২/৭ অংশের কাত পরিমান ১৭ (সতের) ছটাক তন্মধ্যে ৩ (তিন) ছটাক বাস্তু তলিভূমি যাহা বর্ত্তমানে কর্মাশিয়াল উপযোগী মায় তদস্থিত ৮০ বৎসরের পুরাতন সিমেন্টের মেঝে ও পাকা ছাদনযুক্ত দোকানঘর যাহার মোট নির্ম্মিত এরিয়ার পরিমাপ ৪৭২.৫ বর্গফুট তন্মধ্যে আমাদের নিজ অবিভক্ত ২/৭ অংশের কাত পরিমান ১৩৫ (এক শত পঁয়ত্রিশ) বর্গফুট (যাহাতে ব্যবসাদি পরিচালনা করিবে)।

২। আর. এস. দাগ নং- ১৮৬২ (আঠার শত বাষট্টি), এল. আর. দাগ নং- ২৮১৫ (আঠাশ শত পনের), শ্রেণী বাস্তু, মোট পরিমান ৬১ ছটাক মধ্যে আমাদের নিজ অবিভক্ত ২/৭ অংশের কাত পরিমান ১৭ (সতের) ছটাক তন্মধ্যে ০৮ (আট) ছটাক বাস্তু তলিভূমি যাহা বর্ত্তমানে সেমি-কর্মাশিয়াল উপযোগী মায় তদস্থিত ৮০ বৎসরের পুরাতন সিমেন্টের মেঝে ও পাকা ছাদনযুক্ত গুদামঘর যাহার মোট নির্ম্মিত এরিয়ার পরিমাপ ১২৬০ বর্গফুট তন্মধ্যে আমাদের নিজ অবিভক্ত ২/৭ অংশের কাত পরিমান ৩৬০ (তিন শত ষাট) বর্গফুট (যাহা গুদামঘর স্বরূপে ব্যবহৃত হইবে)।

৩। আর. এস. দাগ নং- ১৮৬২ (আঠার শত বাষট্টি), এল. আর. দাগ নং- ২৮১৫ (আঠাশ শত পনের), শ্রেণী বাস্তু, মোট পরিমান ৬১ ছটাক মধ্যে আমাদের নিজ অবিভক্ত ২/৭ অংশের কাত পরিমান ১৭ (সতের) ছটাক তন্মধ্যে ৬ (ছয়) ছটাক ফাঁকা জায়গা (যাহা বসবাসের জন্য ব্যবহৃত হইবে)।

উপরোক্ত তিনটি ক্রমিকে একটি দাগে মোট পরিমান ১৭ (সতের) ছটাক তলিভূমি মায় তদস্থিত উপরিবর্ণিত কমার্শিয়াল ও সেমি-কমার্শিয়াল গৃহাদি এবং বাস্তু উপযোগী ফাঁকা জায়গা আমরা তোমাদিগকে সম অংশে দান করিলাম। ইহার বার্ষিক খাজনা ধার্য্য মতে দেয়। দানকৃত সম্পত্তি অত্র চৌহদ্দি মধ্যে অবস্থিত যথা উত্তরে : মানসরোবর নামক দোকান, দক্ষিনে : রুংটাদের বাড়ি, পূর্বে : সীতারামজি ভবন এর ফাঁকা জায়গা এবং পশ্চিমে : ২৬' ফুট প্রশস্ত পাকা রাস্তা (এন.এস. বি. রোড)। দানকৃত সম্পত্তি বর্ত্তমানে আসানসোল পৌর নিগমের অন্তর্গত রাণীগঞ্জ ২ নং বরোর ৯২ নং ওয়ার্ডের এন.এস.বি. রোড স্থিত ২০ নং হোল্ডিংভূক্ত সম্পত্তির একাংশ হইতেছে। রায়ত দখলী স্বত্বীয়।

ক্রমশ......৫

অত্র দানপত্র দলিলটি মোট ৫ পৃষ্ঠায় লেখা রহিল এবং ১(ক) ও (খ) পৃষ্ঠায় দাত্রীদ্বয় ওগ্রহিতাগনের ফটো এবং দশ আঙ্গুলের টিপ ছাপ প্রত্যায়িত করা রহিল ও উক্ত পৃষ্ঠা অত্র দলিলের একাংশ বলিয়া গন্য হইবে।

দাত্রীগনের কহতমত অত্র দানপত্র দলিলটি, পরচা আদি দৃষ্টে প্রস্তুত করিলাম এবং তাহার মর্ম্ম দাত্রীদ্বয় ও গ্রহিতাগনকে পড়িয়া শুনাইয়া বুঝাইয়া দিলাম।

সাক্ষীগনের সহি ::-

(১) Ashis Gope
S/o - Late Kalu Gope
At - Kankar Ganga
PO :- Old Egara,
PS :- Ranigunj
Dist - paschim Burdwan (WB)
- 713323

(২) Vidya samkar Kar.
S/O :- Madhu sudan Kar.
Vill :- Old Egara, P.O :- Egara.
P.S :- Ranigonj, Dist :- paschim Burdwan.
Pin :- 713323 (W.B)

Saraswati Maji.
Monika Maji.
(দানপত্র দাত্রীদ্বয়ের সহি)

Samir Maji
Jitendra nath Maji
Bishnu pada maji
Rabin ... Maji
(দানপত্র গ্রহিতাগনের সহি)

দলিল প্রস্তুতকারক ::-
Biswarup Mukherjee

অ্যাডভোকেট।
রেজিস্ট্রেশন নং- ডব্লিউ.বি/১২৭৭/২০০৩।

কম্পিউটার টাইপকারক ও মুদ্রক ::-
Salil Sen

( সলিল সেন )
সি.আর.রোড, রাণীগঞ্জ।